



স্মারক নম্বর- ০৪.০০.০০০০.৮১১.৫৫.০০৩.১৮.৯৫

তারিখ: ১৪ আশ্বিন ১৪২৭  
২৯ সেপ্টেম্বর ২০২০

বিষয়: সুশাসনের ৫টি জবাবদিহিমূলক উপকরণ (Five Accountability Tools) সংক্রান্ত তথ্য ও সংশ্লিষ্ট লোগো (Logo) মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থাসমূহের ওয়েবসাইটে নির্দিষ্ট ক্রম অনুযায়ী আপলোড।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থাসমূহের সেবাসমূহ জনগণের কাছে সহজভাবে পৌঁছানো বা প্রদানের লক্ষ্যে ইতোমধ্যে ৫টি জবাবদিহিমূলক উপকরণ যেমন সেবা প্রদান প্রতিশ্রুতি (CC), জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS), তথ্য অধিকার (RTI), অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) ও বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) বিষয়ে সরকারিভাবে প্রজ্ঞাপন/নির্দেশিকা/পরিপত্র/আইন ইত্যাদি প্রণয়ন ও জারি করা হয়েছে। এ সকল তথ্য সহজভাবে পৌঁছানো/জানানোর জন্য মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার ওয়েবসাইটে উপস্থাপন করা বাধ্যতামূলক, যা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে।

০২। পর্যালোচনায় লক্ষ্য করা যাচ্ছে যে, বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থাসমূহের ওয়েবসাইটের সেবা বক্সে বর্ণিত জবাবদিহিমূলক উপকরণসমূহ, সংশ্লিষ্ট লোগো ও এ সংক্রান্ত তথ্য সুনির্দিষ্ট ক্রম অনুযায়ী সহজ ও সুস্পষ্টভাবে উল্লেখ করা হচ্ছে না। ফলে সরকারি সেবা প্রদান প্রক্রিয়ায় স্বচ্ছতা ও জবাবদিহি নিশ্চিত করা সম্ভব হচ্ছে না। সুশাসনের ৫টি জবাবদিহিমূলক উপকরণ সংক্রান্ত তথ্য ও সংশ্লিষ্ট লোগো প্রতিটি মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থাসমূহের ওয়েবসাইটের নির্দিষ্ট ক্রম অনুসারে একইভাবে উপস্থাপন করা হলে বিষয়টি সম্পর্কে জনগণের ধারণা নেওয়া সহজ হবে। সে লক্ষ্যে সেবা বক্সে জবাবদিহির উপকরণ সংক্রান্ত তথ্য নিম্নোক্ত সুনির্দিষ্ট ক্রম অনুসারে আপলোড করা প্রয়োজন:

১। জাতীয় শুদ্ধাচার কৌশল

- শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা
- ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও বিকল্প কর্মকর্তা
- ত্রৈমাসিক/ষাণ্মাসিক পরিবীক্ষণ/মূল্যায়ন প্রতিবেদন
- আইন/বিধি/নীতিমালা/পরিপত্র/নির্দেশিকা/প্রজ্ঞাপন

২। সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার)

- সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার)
- ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও বিকল্প কর্মকর্তা
- ত্রৈমাসিক/বার্ষিক পরিবীক্ষণ/মূল্যায়ন প্রতিবেদন
- পরিবীক্ষণ কমিটি
- আইন/বিধি/নীতিমালা/পরিপত্র/নির্দেশিকা/প্রজ্ঞাপন

৩। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

- চুক্তিসমূহ
- টিম লিডার ও এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা
- ত্রৈমাসিক প্রতিবেদন
- এপিএমএস ওয়েব লিংক
- আইন/বিধি/নীতিমালা/পরিপত্র/নির্দেশিকা/প্রজ্ঞাপন

৪। অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা

- অনিক ও আপিল কর্মকর্তা
- মাসিক/ত্রৈমাসিক/বার্ষিক পরিবীক্ষণ/মূল্যায়ন প্রতিবেদন
- অভিযোগ দাখিল (অনলাইন আবেদন)
- আইন/বিধি/নীতিমালা/পরিপত্র/নির্দেশিকা/প্রজ্ঞাপন

৫। তথ্য অধিকার

- দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও আপিল কর্তৃপক্ষ
- আবেদন ও আপিল ফরম
- স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্যসমূহ
- আইন/বিধি/নীতিমালা/পরিপত্র/নির্দেশিকা/প্রজ্ঞাপন

০৩। তাঁর মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার ওয়েবসাইটে জবাবদিহিমূলক উপকরণসমূহের তথ্য উল্লিখিত ক্রম অনুসরণে আপলোডের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। প্রসঙ্গত, এক্ষেত্রে প্রয়োজন হলে Aspire to Innovate (a2i)-এর সাথে যোগাযোগ করে আপডেট করার জন্য প্রয়োজনীয় সহযোগিতা গ্রহণ করারও নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৯/৯/২০  
(মোঃ নাজমুল ইসলাম)  
সিনিয়র সহকারী সচিব  
ফোনঃ ৯৫১৩৬০১  
মোবাইল: ০১৭৭৭-৬৯৬৭৪৭  
ই-মেইল: gg\_sec@cabinet.gov.bd  
nazmul.dubd@gmail.com

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- সিনিয়র সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- সিনিয়র সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আগারগাঁও, ঢাকা
- সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- সিনিয়র সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা